

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ১৯, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অধিশাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ১ ভাদ্র ১৪১৪ বাং/১৬ আগস্ট ২০০৭ ইং

এস, আর, ও নং ২০৩-আইন/২০০৭/শ্রকম/শা-৬/নিঃমঃ বোর্ড-৮/২০০৭—যেহেতু, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ৩৫৩(১) দ্বারা রহিতকৃত Minimum Wages Ordinance, 1961 (Ord. No. XXXIX of 1961) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত Ordinance এর section 5 এ নির্ধারিত কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে, শ্রমিক পক্ষের প্রতিনিধিত্ব করিবার জন্য জনাব মোঃ জাফরুল হাসান, সাধারণ সম্পাদক, বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল, ২৮/১ নয়াপল্টন (৫ম তলা), ঢাকা-কে ২ জুন, ২০০৪ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-১৪২-আইন/২০০৪-শ্রকম/শা-৬/নিঃমঃ বোর্ড-১/২০০৪ দ্বারা নিম্নতম মজুরী বোর্ড এর সদস্য নিয়োগ করিয়াছিল; এবং

যেহেতু, উক্ত বোর্ডে জনাব মোঃ জাফরুল হাসান এর সদস্য পদ বহাল থাকা জনস্বার্থের অনুকূল নয় বলিয়া সরকারের নিকট প্রতীয়মান হইয়াছে;

সেহেতু, Minimum Wages Rules, 1961 এর rule 4 (5) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত বোর্ড এর সদস্য পদ হইতে জনাব মোঃ জাফরুল হাসান-কে অপসারণ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সুশান্ত কুমার সাহা

উপ-সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৭৬৩১)

মূল্য : টাকা ২.০০